দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ... 2

# তৃতীয় শ্রেণির পরীক্ষার খাতা মূল্যায়ন করল ৫ম শ্রেণির ছাত্রী

## যা করেছে ঠিকই করেছে। আপনারা যা খুশি লিখতে পারেন -প্রধান শিক্ষক

■ রংপুর প্রতিনিধি

রংপুরের পীরগাছায় প্রধান শিক্ষকের নির্দেশে এক শিক্ষকের চেয়ারে বসে ৩য় শ্রেণির পরীক্ষার খাতা মূল্যায়ন করে দিল ওই স্কুলের ৫ম শ্রেণির একজন ছাত্রী। উপজেলার উত্তর রামচন্দ্রপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটেছে।

জানা যায়, ১৪ আগস্ট অনুষ্ঠিত প্রাথমিক বিদ্যালয়ের ১ম সাময়িক পরীক্ষার খাতা মূল্যায়নের জন্য উত্তর রামচন্দ্রপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান সহকারী শিক্ষিকা হামিদা বেগমকে দায়িত্ব প্রদান করেন। পরবর্তীতে হামিদা বেগম প্রধান শিক্ষকের নির্দেশেই ৩য় শ্রেণির সাময়িক পরীক্ষার ২৪ জন ছাত্রীর প্রাথমিক বিজ্ঞান বিষয়ের ২৪টি খাতা মূল্যায়নের জন্য ওই বিদ্যালয়ের ৫ম শ্রেণির ছাত্রী বিশা খাতুনকে দায়িত্ব দেন। বিশা খাতুন সেই মোতাবেক ৩য় ও ৫ম শ্রেণির কয়েকজন সহপাঠিকে সঙ্গে নিয়ে ওই শিক্ষকেরই চেয়ারে বসে খাতাগুলো মূল্যায়ন করে।

ঘটনার সময় বিশার সাথে কথা হলে সে জানায়, "ম্যাডাম আমাকে খাতা কাটতে বলেছে। তাই আমি ওনার চেয়ারে বসে খাতা কাটছি।"

এ ব্যাপারে উত্তর রামচন্দ্রপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আশরাফুজ্জামানের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, "যা করেছে ঠিকই করেছে। এ প্রসঙ্গে আমার আর কিছু বলার নেই। আপনারা যা খুশি লিখতে পারেন।"

উপজেলা শিক্ষা অফিসার রফিক-উর-জামান জানান, আমার কাছে এ ধরনের কোনো অভিযোগ আসেনি। অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।